নির্বাচনী পরীক্ষা পূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-২০২০ বিষয় কোড: ১৪৩

শ্রেণি: দশম

বিষয়: ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল)

সময়: ২ ঘণ্টা ৩০ মি. পূর্ণমান: ৭০

[ ১-১১ পর্যন্ত যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও। ]

১। হাবিব একটি ময়দা কারখানার মালিক। স্থানীয় কৃষকদের নিকট থেকে বাছাইকৃত গম সংগ্রহ করে সে ময়দা তৈরি করে। হাবিব তার প্রস্তুতকৃত ময়দা স্থানীয় ভোক্তা ও খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রয় করে। বাজারে অন্যান্য ময়দার চেয়ে হাবিরের ময়দা উৎকৃষ্ট হওয়া সত্ত্বেও স্থানীয়ভাবে উৎপাদিত হওয়ায় তার ক্রেতার সংখ্যা সীমিত। হাবিব চায় তার ময়দার গুণাগুণ ও মান সম্পর্কিত তথ্য সব ক্রেতা ও ভোক্তার মাঝে ছড়িয়ে পড়ুক।

ক) পণ্য বিনিময় কোন ধরনের বাঁধা দুর করে? ১

খ) ব্যবসায়ের পণ্য বন্টনকারী শাখাটি বর্ণনা কর। ২

গ) উদ্দীপকে হাবিব কোন ধরনের শিল্পের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের হাবিব কীভাবে বিক্রয় সম্প্রসারণ করতে পারে বলে তুমি মনে কর? যুক্তি সহ লেখ। ৪

২। জনাব আসলাম বাংলাদেশের বৃহৎ জনগোষ্ঠীকে ব্যবসায়ের হাতিয়ার ধরে নিত্য প্রয়োজনীয় পণ্যের মধ্যে সাবান উৎপাদনের সিদ্ধান্ত নেন। বাংলাদেশ মুসলিম প্রধান দেশ হওয়ায় তিনি সাবান তৈরিতে শুকরের চর্বি ব্যবহার করেন না বিধায় বিজ্ঞাপনে সাবানটিকে একমাত্র হালাল বলে প্রচার করেন। আসলাম সাধারণ জনগণের ক্রয় ক্ষমতা বিবেচনা করে সাবানের মূল্য তুলনা মূলক কম নির্ধারণ করেন। ক্রয় ক্ষমতার মধ্যে এবং হালাল হওয়ায় সাধারণ জনগন উক্ত সাবান স্বাচ্ছন্দ্যে গ্রহণ করলো। জনাব আসলাম ব্যবসায়ে উত্তরোত্তর সমৃদ্ধি পেতে লাগলেন।

ক) শিল্প বিপ্লবের বিকাশ কোন যুগে ঘটে? ১

খ) উৎপাদনের বাহন কোনটি? ব্যাখ্যা কর। ২

গ) জনাব আসলাম পণ্যের উপাদন নির্বাচনে ব্যবসায় পরিবেশের কোন দিকটি গুরুত্ব দিয়েছেন? বর্ণনা কর। ৩

ঘ) সাবানের মূল্য নির্ধারণে আসলাম যে ব্যবসায় পরিবেশের কথা বিবেচনা করেছেন তা কতটুকু যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

৩। জনাব দিদার পড়াশুনা শেষ করে চাকরি না পেয়ে পশুপালনে অনেক সমস্যার কথা জেনেও নিজের বাড়িতে একটি ডেইরি ফার্ম স্থাপন করেন। কিছুদিন পরেই ফার্মের দুটি গাভীর আকস্মিক মৃত্যুতে তিনি আর্থিক ক্ষতির সম্মুখীন হন। তিনি তার ফার্মটি বন্ধ না করে চালিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেন এবং একজন পশু চিকিৎসক নিয়োগ দেন। ভেজালমুক্ত দুধের অত্যধিক চাহিদার কারণে তিনি বর্তমানে সফলতা লাভ করেন।

ক) ঝুঁকি কী? ১

খ) উদ্যোক্তাকে কর্মসংস্থান সৃষ্টিকারী বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) একজন সফল উদ্যোক্তার কোন গুণটি জনাব দিদারের মধ্যে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "জনাব দিদারের উদ্যোগ অন্যদের জন্য অনুকরণীয় হতে পারে"? উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪। জনাব ইসমাইল একজন পিঁয়াজ আমদানি কারক। গত রমজানের একমাস আগে ৬০ মেট্রিক টন পিঁয়াজ আমদানি করলেও যথাসময়ে বাজারে তা সরবারহ করেনি। রমজানে বাজারে পিঁয়াজের মূল্য বেড়ে যায় বলে ইসমাইল প্রচুর মুনাফা অর্জন করে।

ক) কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব? ১

খ) ব্যবসায়কে সামাজিক প্রতিষ্ঠান বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে ইসমাইল কোন পক্ষের প্রতি ব্যবসায়ের দায়িত্ব পালনে অবজ্ঞা করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) নৈতিকতার মানদণ্ডে ইসমাইলের কর্মকাণ্ড মূল্যায়ন কর। ৪

৫। জনাব ইমতিয়াজ তাঁর সাত ছেলেকে নিয়ে একটি সংগঠন গড়ে তোলেন। সেখানে জনাব ইমতিয়াজ নিজে ঐ সংগঠনের চেয়ারম্যান এবং তার সাতছেলের মধ্যে তিন ছেলে পরিচালক। প্রতিষ্ঠানটি তারা খুব ভালভাবেই পরিচালনা করছে। এমতাবস্থায় তাদের সংগঠনটির আরো সম্প্রসারণের লক্ষ্যে তারা বাজারে শেয়ার ছাড়ার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক) পাবলিক লিমিটেড কোম্পানির সর্বোচ্চ সদস্য সংখ্যা কত জন? ১

খ) একমালিকানা ব্যবসায়ের দায় অসীম কেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব ইমতিয়াজের গড়ে ওঠা কোম্পানিটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ) পরিবর্তিত পরিস্থিতিতে উদ্দীপকের প্রতিষ্ঠানটির বাজারে শেয়ার ছাড়ার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬। ইটালী প্রবাসী হাসনা বাংলাদেশে এসে কেনাকাটায় বেশ সাবধানতা অবলম্বন করেন। তিনি শপিং মলে গিয়ে পণ্য কেনার সময় দেখেন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা। বেবি ফুড, প্রসাধনী, ইলেকট্রনিক্স আইটেমসহ সকল ক্ষেত্রে তিনি দেখে শুনে কেনার চেষ্টা করেন। বড় কোম্পানির প্রতিষ্ঠিত ব্রান্ড দেখে তিনি পণ্য ক্রয়ে আগ্রহী।

ক) প্রিমিয়াম কী? ১

খ) ব্যবসায়ে সবচেয়ে জনপ্রিয় বিমা কোনটি? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের যথাযথ কর্তৃপক্ষ বলতে কাকে বোঝানো হয়েছে এবং এর গুরুত্ব লেখ। ৩

ঘ) হাসনা যে আইনগত বিষয়টি দেখে পণ্য ক্রয় করেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭। জনাব এনায়েত একজন তৈরি পোশাক বিক্রেতা। তার দোকানে ৫ জন কর্মচারি রয়েছে, যারা বিক্রয় কাজে সহযোগিতা করে। তিনি বছরের শুরুতে একটি নির্দিষ্ট পরিমাণ বিক্রয়ের লক্ষমাত্রা নির্ধারণ করেন। বছর শেষে দেখেন লক্ষ্যমাত্রা পূরণ হয়নি। তবে সমস্যাগুলো বিশ্লেষণ করে পরবর্তী বছরে ঐ একই পরিমাণ লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করেন এবং বছর শেষে আশানুরূপ ফল পান।

ক) মুক্ত নেতৃত্ব কী? ১

খ) অর্থায়ন বলতে কী বুঝায়? ২

গ) জনাব এনায়েত শুরুতে ব্যবস্থাপনার কোন কাজটি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে একই ধরনের কাজ বারবার সম্পাদিত হওয়ায় ব্যবস্থাপনার যে বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৮। বিয়ের পর আমিনা বেগম মহিলা অধিদপ্তর আয়োজিত বিউটি ফিকেশন এণ্ড পার্লারের ওপর ৬ মাসের প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি নিজ শহরের ব্যাংক থেকে ঋণউ লোন নিয়ে "হেনা বিউটি পার্লার" স্থাপন করেন এবং সুনামের সাথে পরিচালনা করছেন।

ক) BITAC এর পূর্ণরূপ কী? ১

খ) একজন ব্যবসায়ীর সাহায্য সহযোগিতার প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ) মহিলা অধিদপ্তর আমিনা বেগমকে কোন ধরনের সহায়তা প্রদান করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের আলোকে ঋণউ লোন দেশের উন্নয়নে কতটুকু অবদান রাখতে পারে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৯। মিঃ এমদাদ কক্সবাজারে এমদাদ সল্ট ইন্ডাস্ট্রিজ নামে একটি লবণ প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। তাঁর বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ জমি ও কারখানা ভবন ব্যতিরেখে ৫ কোটি টাকা। তাঁর কারখানায় ৪৫ জন শ্রমিক কর্মরত রয়েছে।

ক) বাংলাদেশে সম্ভাবনাময় বৃহৎ শিল্প কোনটি? ১

খ) উৎপাদন শিল্প বলতে কি বোঝ? ২

গ) উদ্দীপকে মিঃ এমদাদের ব্যবসায়টি বাংলাদেশের কোন শিল্পের অর্ন্তগত? তা বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকে শিল্পটি স্থাপনে মিঃ এমদাদ কক্সবাজারকে নির্বাচন করার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১০। মিঃ পুস্পিতা রাজশাহীতে একটি বিশাল আকৃতির আমের বাগান গড়ে তোলেন। উৎপাদন মৌসুমে তিনি তাঁর বাগানের আম ঢাকা সহ বড় বড় শহরের পাইকারদের নিকট সরবরাহ করেন। কিন্তু এ বছর আমের মূল্য কমে যাওয়ায় তিনি ৫০০ কুইন্টাল আম সংরক্ষণের ব্যবস্থা করেন। এতে তার দুশ্চিন্তা অনেকাংশে লাঘব হয়।

ক) বিজ্ঞাপন কী? ১

খ) "মোড়কিকরণ পণ্যকে ক্ষয় ক্ষতির হাত থেকে রক্ষা করে"-ব্যাখ্যা কর। ২

গ) উল্লেখিত উদ্দীপকে প্রাথমিক পর্যায়ে বিপণনের কোন কাজের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) মিঃ পুস্পিতার দুশ্চিন্তা লাঘবে সহায়তাকারী বিপণন কাজটি বিশ্লেষণ কর। ৪

১১। মিঃ জুয়েল একজন জুতো প্রস্তুত কারক। ঢাকার নিউমার্কেটে তাঁর একটি জুতোর দোকান আছে। তিনি তাঁর কারখানায় উৎপাদিত জুতো দোকানে এনে ক্রেতাদের নিকট বিক্রয় করেন। বর্তমানে তিনি বৃহৎ উৎপাদন পূর্বক সারাদেশে ব্যাপী জুতো বিপণন করতে যাচ্ছেন। এ জন্য তিনি বিজ্ঞাপন মাধ্যম ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছেন।

ক) বিপণন কী? ১

খ) জেন্ডার সচেতনতা বলতে কী বোঝায়? ২

গ) মিঃ জুয়েল বর্তমানে জুতো বিপণনে কোন বণ্টন প্রণালী অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) মিঃ জুলেলের জন্য বিজ্ঞাপনের কোন মাধ্যম অধিক কার্যকর হবে বলে তুমি মনে কর? যুক্তিসহ উপস্থাপন কর। ৪